ঝিনাইদহে বিশ্ব অটিজম সচেতনতা দিবস পালিত

‘সচেতনতা-স্বীকৃতি মুল্যায়ন: শুধু বেঁচে থাকা থেকে সমৃদ্ধির পথে যাত্রা’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে বিশ্ব অটিজম সচেতনতা দিবস পালিত হয়েছে।

জেলা প্রশাসন ও জেলা সমাজসেবা কার্যালয়ের আয়োজনে মঙ্গলবার সকালে কালেক্টরেট চত্বর থেকে একটি র্যালি বের করা হয়। র্যালিটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়।

পরে অনুষ্ঠিত হয় আলোচনা সভা। এতে জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আরিফুল ইসলাম, জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক আব্দুল কাদের, সহকারী পরিচালক মমিনুর রহমান, শহর সমাজসেবা কর্মকর্তা আফাজ উদ্দিন, জেলা প্রতিবন্ধি বিষয়ক কর্মকর্তা তরিকুল ইসলামসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন শিশুদের বিকাশে শিক্ষকদের পাশাপাশি অভিভাবকদের প্রশিক্ষিত করার আহ্বান জানান।

চুয়াডাঙ্গায় ১৬তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস ও হুইল চেয়ার বিতরণ

রুপান্তরের অভিযাত্রায় সবার জন্য নিউরোবান্ধব অন্তর্ভুক্তিমূলক বিশ্বগঠন এই প্রতিপাদ্যকে সামনে রেখে চুয়াডাঙ্গায় পালিত হলো বিশ্ব অটিজম সচেতনতা দিবস।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ে সকাল সাড়ে ১০ টার সময় ১৬তম বিশ্ব অটিজম সচেতনতা দিবসে হুইল চেয়ার বিতরণ করা হয় ও বেলা ১১টার